কাঁধ, বাহু অথবা হাতের অপারেশনের জন্য নার্ভ ব্লকসমূহ

যারা কাঁধ, বাহু অথবা হাতে অপারেশনের জন্য নার্ভ ব্লক নেওয়ার কথা ভাবছেন, এই লিফলেটটি তাদের উদ্দেশ্যে রচনা করা হয়েছে। যারা জেনারেল অ্যানেস্থেটিক নিতে আগ্রহী নন, অথবা শারীরিক কোনও সমস্যার কারণে যাদেরকে নার্ভ ব্লক নিয়ে অপারেশনের পরামর্শ দেওয়া হয়েছে, তাদের জন্য এটি বিশেষভাবে কাজে আসবে।

যেসব রোগী অপারেশনের জন্য নার্ভ ব্লক নিয়েছিলেন, তাদের সাহায্য নিয়ে অ্যানেস্থেটিস্টরা এই লিফলেটটি লিখেছেন।

নার্ভ ব্লক সম্পর্কিত তথ্য

ব্রেকিয়াল প্লেক্সাস ব্লক

আপনার ঘাড় এবং বাহুমূলের মধ্যকার স্নায়ুগুলোকে ব্রেকিয়াল প্লেক্সাস বলা হয়। এর মধ্যে সেই স্নায়ুগুলি রয়েছে যেগুলি আপনার কাঁধ থেকে আঙুলের ডগা পর্যন্ত পুরো বাহুর নড়াচড়া এবং স্পর্শের অনুভূতির যোগান দেয়।

ব্রেকিয়াল প্লেক্সাস ব্লক হল ঘাড়, কন্ঠাস্থি (কলার বোন) অথবা বাহুমূলের আশপাশে লোকাল অ্যানেস্থেটিকের একটি ইঞ্জেকশন যা এই স্নায়ুগুলোর মাধ্যমে তথ্য (ব্যথার অনুভূতিসহ) যেতে "বাধা" দেয় বা ব্লক করে। ইঞ্জেকশন নেওয়ার পরে আপনার বাহু অসাড়, ভারী এবং নিশ্চল হয়ে যাবে এবং আপনি কোনো ব্যথা অনুভব করবেন না, তবে কেউ আপনার বাহু নাড়াচাড়া করলে আপনি সেই নড়াচড়া এবং চাপ বা টান অনুভব করতে পারেন।

ব্রেকিয়াল প্লেক্সাস ব্লকের উদ্দেশ্য হল কাঁধ এবং/অথবা বাহুকে অসাড় করা। কিছু পরিস্থিতিতে জেনারেল অ্যানেস্থেটিকের বদলে এটি ব্যবহার করা যেতে পারে – যেসকল রোগীর স্বাস্থ্যগত কোনও সমস্যার কারণে জেনারেল অ্যানেস্থেটিক নেওয়া বেশি ঝুঁকিপূর্ণ হতে পারে, তাদের জন্য এটি বিশেষভাবে উপযুক্ত। ব্লকের মাধ্যমে অপারেশনও আরেকটি সুবিধা হল এটি জেনারেল অ্যানেস্থেটিকজনিত কিছু জটিলতা এড়াতে পারে, যেমন বমি বমি ভাব অথবা গলা ব্যথা (অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে *আপনি এবং আপনার অ্যানেস্থেটিক)* লিফলেটটি দেখুন: www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

আপনি ইচ্ছা করলে ব্রেকিয়াল প্লেক্সাস ব্লক ইঞ্জেকশন নেয়ার সময় এবং/অথবা অপারেশনের সময় আপনাকে সিডেশন (ঘুমের ওষুধ) দেওয়া হতে পারে। এটা নিলে আপনি প্রশান্ত অথবা তন্দ্রাচ্ছন্ন অনুভব করতে পারেন, তবে আপনি পুরোপুরি জ্ঞান হারাবেন না এবং আপনার আশপাশে কী হচ্ছে সে ব্যাপারে সজাগ থাকতে পারেন।

ব্রেকিয়াল প্লেক্সাস ব্লক অপারেশনের পর ২৪ ঘন্টা পর্যন্ত ব্যথা উপশম করতে পারে, তবে কিছু অংশে ৪৮ ঘন্টা পর্যন্ত সংবেদনশীলতা কম থাকতে পারে অথবা ভিন্নরকম অনুভূতি হতে পারে। এটি জেনারেল অ্যানেস্থেটিকের সাথে একত্রে দেওয়া যেতে পারে। এর অর্থ হচ্ছে আপনার অপারেশনের পরে ব্যথা উপশম হবে এবং অপারেশনের সময় আপনি অচেতন থাকবেন।

আপনার অ্যানেস্থেটিস্ট বিভিন্ন বিকল্প এবং আপনার জন্য কোনটি সবচেয়ে ভালো হতে পারে তা বুঝিয়ে বলতে পারবেন। অনুগ্রহ করে মনে রাখবেন যে সব অ্যানেস্থেটিস্ট এসব বিশেষ ধরণের নার্ভ ব্লক দিতে পারেন না।

ব্রেকিয়াল প্লেক্সাস ব্লকের উপকারিতা

- অপারেশনের পর আরও ভালোভাবে ব্যথা উপশম করে।
- শক্তিশালী বেদনানাশকের (পেইন কিলার) প্রয়োজনীয়তা কমায় – এই ধরণের ওষুধে বমি বমি ভাব এবং কোষ্ঠকাঠিন্য হতে পারে। বিরল ক্ষেত্রে খুব বেশি দিন গ্রহণ করলে এগুলোতে আসক্তির ঝুঁকি থাকে।
- জেনারেল অ্যানেস্থেটিক এবং এর ঝুঁকি ও পার্শ্বপ্রতিক্রিয়া এড়ানো যায়। জেনারেল অ্যানেস্থেটিকের সাধারণ পার্শ্বপ্রতিক্রিয়াগুলো হল বমি, গলা ব্যথা এবং তন্দ্রাচ্ছন্নতা।
- আরও তাড়াতাড়ি উঠে বসতে ও হাঁটাচলা করতে পারবেন এবং হাসপাতাল থেকে তাড়াতাড়ি ছুটি পাবেন।

অন্যান্য নার্ভ ব্লকসমূহ

আপনার সার্জারি যদি হাতের পাতা অথবা বাহুর নীচের অংশে (কনুই হতে হাতের কব্জি পর্যন্ত অংশ) করা হয়, তাহলে বাহুর আরও নিচের দিকে হাতের পাতার কাছাকাছি স্নায়ুগুলোতে নার্ভ ব্লক দেয়া যেতে পারে। আপনার অ্যানেস্থেটিস্ট আপনার সাথে বিকল্পগুলি নিয়ে আলোচনা করবেন।

রিজিওনাল অ্যানেস্থেসিয়ার বিশেষজ্ঞ গোষ্ঠী, আরএ-ইউকে (RA-UK), রোগীদের জন্য নার্ভ ব্লক সম্পর্কে একটি তথ্যমূলক ভিডিও তৈরি করেছে: *Nerve blocks: an informative video for patients*
www.ra-uk.org/index.php/patient-info-video

অপারেশনের আগে

আপনার অপারেশনটি যদি পূর্বপরিকল্পিত হয় তাহলে অপারেশনের কয়েকদিন বা কয়েক সপ্তাহ আগে আপনাকে হয়ত একটি প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিকে যেতে বলা হবে। অনেক সময় ছোট অপারেশনের ক্ষেত্রে, একজন নার্স টেলিফোনে আপনাকে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন।

অনুগ্রহ করে এই জিনিসগুলো সাথে আনবেন:

- সাম্প্রতিক প্রেসক্রিপশন অথবা প্যাকেটসহ আপনার সব ওষুধপত্র
- আপনি রক্ত পাতলা করার কোনো ওষুধ নিলে অবশ্যই প্রি-অ্যাসেসমেন্ট টিমকে জানাবেন এবং অপারেশনের পূর্বে আপনার এগুলো নেয়া বন্ধ করা উচিৎ কিনা সেটা নিয়ে তাদের সাথে আলোচনা করবেন
- অন্যান্য হাসপাতালে আপনার যেসব পরীক্ষা এবং চিকিৎসা হয়েছে সেই ব্যাপারে সকল তথ্য

- আপনার বা আপনার পরিবারের কারো অ্যানেস্থেটিক নেয়ার কারণে কখনো কোনও সমস্যা হয়ে থাকলে সেই তথ্য
- সম্প্রতি রক্তচাপ মেপে থাকলে তার ফলাফল।

ক্লিনিকে আপনার একজন অ্যানেস্থেটিস্টের সাথে সাক্ষাৎ হতে পারে। তা না হলে অপারেশনের দিন হাসপাতালে আপনার অ্যানেস্থেটিস্টের সাথে সাক্ষাৎ হবে।

আপনি আপনার অ্যানেস্থেটিস্টকে এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করতে পারেন

1 ইঞ্জেকশন কে প্রয়োগ করবে?

2 অপারেশন চলাকালীন আমি কেমন অনুভব করবো?

3 এই ধরণের অ্যানেস্থেটিক নিলে আমার কী বিশেষ কোনো ঝুঁকি হতে পারে?

4 জেনারেল অ্যানেস্থেটিক নিলে আমার কি কোনও কিছু হওয়ার ঝুঁকি বেশি আছে?

5 কোনটি আমার জন্য সবচেয়ে ভাল হবে?

6 ব্লকটি কাজ না করলে এবং আমি ব্যথা অনুভব করলে কী হবে? এরকম হওয়ার সম্ভাবনা কতটা?

7 আমার বাহুতে স্বাভাবিক অনুভূতি কখন ফিরে পাবো?

8 ব্লকের পরে কোনো প্রতিক্রিয়া নিয়ে উদ্বেগ হলে আমি কোন নাম্বারে ফোন করবো?

আপনি আমাদের ফিটার বেটার সুনার (Fitter Better Sooner) সংস্থান থেকে কীভাবে অপারেশনের জন্য আরও ফিট হওয়া যায় এবং আরও ভালোভাবে প্রস্তুত থাকা যায় জানতে পারবেন। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট দেখুন:
www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

কলেজ ওয়েবসাইটে আপনি আরও তথ্যমূলক লিফলেট পাবেন:
www.rcoa.ac.uk/patient-information/translations/bengali আপনার হাসপাতালের অ্যানেস্থেটিক বিভাগ অথবা প্রি-অ্যাসেসমেন্ট ক্লিনিকেও এই লিফলেটগুলো পাওয়া যেতে পারে।

অপারেশনের দিন

খাবার খাওয়া ও তরল পান করা সম্পর্কে হাসপাতাল থেকে আপনাকে স্পষ্ট নির্দেশনা দেওয়া হবে। এই নির্দেশনাগুলি মেনে চলা গুরুত্বপূর্ণ। অ্যানেস্থেটিকের সময় আপনার পাকস্থলিতে খাবার বা তরল থাকলে এগুলো আপনার গলায় এবং ফুসফুসে উঠে আসতে পারে এবং আপনার জীবন বিপন্ন করে তুলতে পারে।

ইঞ্জেকশন নেয়া

নার্ভ ব্লক দেওয়ার জন্য আপনাকে সাধারণত অপারেটিং থিয়েটারের কাছের একটি রুমে নিয়ে যাওয়া হবে।

ব্রেকিয়াল প্লেক্সাস ব্লকের ইঞ্জেকশনটি আপনার ঘাড়ের পাশে, বাহুমূলে, অথবা কণ্ঠাস্থির (কলার বোন) কাছে দেয়া হতে পারে। কনুইয়ের কাছে, বাহুর ঊর্ধ্বাংশ, কবজি অথবা হাতের পাতার অন্যান্য স্নায়ুগুলোও ব্লক করা হতে পারে।

প্রশান্ত রাখতে এবং উদ্বেগ কমানোর জন্য আপনাকে সিডেশন নেয়ার প্রস্তাবও দেয়া হতে পারে। আপনি যদি একইসাথে জেনারেল অ্যানেস্থেটিকও নিয়ে থাকেন, তাহলে এটি ইঞ্জেকশনের আগে বা পরে দেয়া হতে পারে।

যেখানে ইঞ্জেকশন দেওয়া হবে সেই স্থানের ত্বক পরিষ্কার করা হবে এবং ত্বক অসাড় করার জন্য লোকাল অ্যানেস্থেটিকের ছোট একটি ইনজেকশন দেওয়া হবে – এটি টিস্যু ভেদ করার সময় সামান্য যন্ত্রণা হবে। অ্যানেস্থেটিস্ট একটি আলট্রাসাউন্ড মেশিন এবং/অথবা একটি ছোট মেশিন ব্যবহার করবেন, এটি আপনার বাহুতে সামান্য খিঁচুনি তৈরি করবে যাতে স্নায়ুগুলোর অবস্থান জানা যায়।

বেশিরভাগ মানুষের কাছেই এই ইঞ্জেকশন নেয়া শিরায় ক্যানুলা ঢুকানোর চেয়ে বেশি যন্ত্রণাদায়ক মনে হয় না। ক্যানুলা এবং জেনারেল অ্যানেস্থেসিয়া সম্পর্কে আরো তথ্য জানতে অনুগ্রহ করে *আপনি এবং আপনার অ্যানেস্থেটিক* লিফলেটটি দেখুন। এটি আমাদের ওয়েবসাইটে আছে:
www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

আপনার বাহুতে গরম অনুভূতি হবে ও শিরশির বা ঝিনঝিন করবে, এবং অবশেষে ভারী ও অবশ হয়ে যাবে। ইঞ্জেকশনটি কাজ করতে সাধারণত ২০ থেকে ৪০ মিনিট সময় নেয়। অ্যানেস্থেটিস্ট আপনার বাহু এবং কাঁধের বিভিন্ন অংশের সংবেদনশীলতা পরীক্ষা করবেন। অ্যানেস্থেটিস্ট যতক্ষণ না সন্তুষ্ট হবেন যে ব্লকটি ঠিকভাবে কাজ করছে, ততক্ষণ পর্যন্ত আপনাকে অপারেশন থিয়েটারে নেয়া হবে না।

ব্লকটি পুরোপুরি কাজ না করলে আপনাকে আরো লোকাল অ্যানেস্থেটিক, অতিরিক্ত ব্যথানাশক অথবা জেনারেল অ্যানেস্থেটিক নেয়ার প্রস্তাব দেওয়া হবে।

অপারেশন চলাকালীন

আপনি অপারেশন প্রক্রিয়াটি দেখতে না চাইলে আপনার সামনে একটি পর্দা দেয়া হবে।

আপনি চাইলে আপনার ডিভাইসে গান শুনতে পারেন – এটি সম্ভব কিনা জিজ্ঞেস করুন।

অপারেটিং থিয়েটার একটি ব্যস্ত জায়গা। সেখানে সাধারণত পাঁচ থেকে আটজন লোক থাকেন যাদের প্রত্যেকেই আপনার যত্ন নিতে নিজস্ব দায়িত্ব পালন করেন। অপারেশন চলাকালীন পুরো সময় অ্যানেস্থেটিক দলের একজন সদস্য আপনার সাথে থাকবেন এবং মাঝেমধ্যে দলের অন্যান্য সদস্যরাও আপনার সাথে কথা বলতে অথবা আপনার দেখাশুনায় সাহায্য করতে পারেন।

এছাড়াও আপনার অ্যানেস্থেসিয়া অ্যাসোসিয়েটদের সাথে সাক্ষাৎ হতে পারে, তারা উচ্চ প্রশিক্ষণপ্রাপ্ত পেশাদার স্বাস্থ্যকর্মী। তাদের ভূমিকা এবং অ্যানেস্থেসিয়া দল সম্পর্কে জানতে আমাদের ওয়েবসাইট দেখুন:
www.rcoa.ac.uk/patientinfo/anaesthesia-team

সিডেশন নিলে আপনি প্রশান্ত এবং তন্দ্রাচ্ছন্ন থাকবেন। প্লাস্টিকের একটি হালকা ফেসমাস্কের মাধ্যমে আপনাকে অক্সিজেন দেওয়া হতে পারে। আপনার অপারেশন থিয়েটারে থাকার বিচ্ছিন্ন কিছু স্মৃতি থাকতে পারে।

সিডেশন সম্পর্কে আরও জানতে আমাদের ওয়েবসাইটে *সিডেশন (ঘুমের ওষুধ) এর ব্যাখ্যা* লিফলেটটি দেখুন:
www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

জেনারেল অ্যানেস্থেটিক নিলে অপারেশনের ব্যাপারে আপনার কিছুই মনে থাকবে না।

অপারেশনের পরে

ব্লকটি যতক্ষণ পর্যন্ত কাজ করবে, আপনার বাহু অনেক ভারী লাগবে এবং মাংসপেশি আবার স্বাভাবিকভাবে কাজ করা শুরু না করা পর্যন্ত বাহু স্লিং এর সাহায্যে ঝুলিয়ে রাখতে হবে। আপনার দৈনন্দিন কাজ করার জন্য কারো সাহায্য নেয়ার প্রয়োজন হতে পারে।

নার্ভ ব্লকটির কার্যকারিতা শেষ হয়ে গেলে আপনি আপনার হাতের আঙ্গুলে শিরশির বা ঝিনঝিনে অনুভূতিই হতে পারে। এটা সম্পূর্ণভাবে স্বাভাবিক।

বাড়িতে পরবর্তী যত্ন

আপনার বাহুকে অবলম্বন দিতে ও সুরক্ষিত রাখতে আপনাকে যে স্লিংটি দেয়া হয়েছে তাতে হাত ঝুলিয়ে রাখবেন। আপনার বাহু আসলে কোন অবস্থানে আছে তা আপনি বুঝতে পারবেন না – যার ফলে বাহুতে আঘাত লাগতে পারে। এই অসাড়তা সাধারণত ৪৮ ঘন্টা পর্যন্ত থাকতে পারে।

- উত্তপ্ত জিনিসের আশপাশে সাবধানে থাকবেন, যেমন আগুন বা রেডিয়েটর। আপনার বাহু অসাড় থাকা অবস্থায় আপনি উত্তাপ টের পাবেন না ফলে বাহু পুড়ে যেতে পারে।
- যে কোনো ধরণের মেশিনপত্র ও গৃহস্থালির যন্ত্রপাতি ব্যবহার থেকে বিরত থাকুন। আপনার বাহু অসাড় থাকাকালীন আঘাত লাগার সম্ভাবনা বেশি থাকে।
- হাসপাতালের নির্দেশনা অনুযায়ী ব্লকের কার্যকারিতা শেষ হওয়ার আগেই ব্যথানাশক ওষুধ খাওয়া শুরু করুন। এটি জরুরি কারণ হঠাৎ করে ব্যথা শুরু হতে পারে।

আরো সহায়তা

আপনাকে জরুরি চিকিৎসা সহায়তা নিতে হবে যদি:

- কোনও কারণ ছাড়া শ্বাসকষ্ট হয়
- ট্যাবলেটে নিয়ন্ত্রণ হচ্ছে না এমন তীব্র ব্যথা হয়।

অপারেশনের দুই দিন পরেও ব্লকের প্রভাব সম্পূর্ণভাবে শেষ না হলে আপনার ডিসচার্জ পেপারে দেয়া নম্বরে ফোন করে আপনার অ্যানেস্থেটিস্টের সাথে যোগাযোগ করুন।

পার্শ্বপ্রতিক্রিয়া, জটিলতা এবং ঝুঁকি

আধুনিক অ্যানেস্থেটিকে গুরুতর সমস্যা সাধারণত ঘটে না, তবুও পুরোপুরি ঝুঁকি এড়ানো যায় না। নতুন ওষুধপত্র, যন্ত্রপাতি এবং প্রশিক্ষণ সাম্প্রতিক বছরগুলিতে এটিকে আরো নিরাপদ করে তুলেছে।

বিভিন্ন মানুষ শব্দ ও সংখ্যার ভিন্ন ভিন্ন অর্থ করতে পারেন। এই স্কেলটা বুঝতে সাহায্যের জন্য দেয়া হয়েছে।

এই বিভাগে বর্ণিত ঝুঁকিগুলো এড়াতে অ্যানেস্থেটিস্টগণ অনেক সাবধানতা অবলম্বন করেন। ঝুঁকিগুলো এড়াতে কী কী সতর্কতামূলক ব্যবস্থা নেয়া হয়েছে সেই সম্পর্কে আপনার অ্যানেস্থেটিস্ট আপনাকে আরো তথ্য দিতে পারবেন। কলেজ ওয়েবসাইটের পেশেন্ট ইনফরমেশন সেকশনেও আরো তথ্য পাবেন: www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

বাহুতে নার্ভ ব্লকের ঝুঁকিসমূহ

- ঘাড়ের পাশে ইঞ্জেকশন: কর্কশ কন্ঠস্বর, চোখের পাতা ঝুলে পড়া, দৃষ্টিশক্তির পরিবর্তন এবং সম্ভবত শ্বাস নিতে কিছুটা কষ্ট হওয়া। এসব পার্শ্বপ্রতিক্রিয়াগুলো সাধারণ এবং ব্লকের কার্যকারিতা শেষ হওয়ার সাথে সাথে চলে যায়।
- কন্ঠাস্থির আশপাশে ইঞ্জেকশন: এক্ষেত্রে একটি বিরল ঝুঁকি আছে: ১,০০০ জনের মধ্যে ১ জনেরও কম মানুষের ফুসফুসের আবরণের ক্ষতি হয়। এতে ফুসফুস কিছুটা চুপসে যেতে পারে – এটিকে নিউমোথোরাক্স (pneumothorax) বলা হয়। বুক ও ফুসফুসের দেয়ালের মাঝের জায়গায়, প্লুরাল স্পেসে (pleural space) বাতাস ঢুকে যায়। এটা কত বড় তার উপর ভিত্তি করে চিকিৎসা করা হয় – এতে হয়তো কোনো উপসর্গ দেখা দেবে না, শুধুমাত্র বুকের এক্স-রে তে দেখা যাবে। যদি এটি বড় হয় এবং আপনার শ্বাস নিতে কষ্ট হয়, তাহলে আপনার একটি চেস্ট ড্রেইনের (একটি প্লাস্টিকের নল) এর দরকার হতে পারে। আপনার অ্যানেস্থেটিস্টের কাছ থেকে আপনি এটি সম্পর্কে আরো বিস্তারিত জানতে পারেন।

- ইঞ্জেকশন দেয়ার সব স্থানে: ইঞ্জেকশন দেয়ার সময় কোনো রক্তনালী ফুটো হয়ে যাওয়া একটি সাধারণ ঘটনা – রক্তপাত বন্ধ করার জন্য আপনার অ্যানেস্থেটিস্ট ঐ জায়গার ওপর চাপ প্রয়োগ করবেন।
- খিঁচুনি হওয়া অথবা অন্য কোনো প্রাণঘাতী ঘটনার খুব বিরল ঝুঁকি আছে। আপনার অ্যানেস্থেটিস্ট খুব দ্রুত এগুলির জন্য ব্যবস্থা নেবেন। তারা আপনাকে এসব অত্যন্ত বিরল ঘটনা সম্পর্কে আরো জানাতে পারবেন।

স্নায়ুর ক্ষতি

- ব্রেকিয়াল প্লেক্সাস ব্লকের কারণে স্নায়ুর দীর্ঘমেয়াদী ক্ষতি এবং সেই কারণে সংবেদনশীলতা বা শক্তি হারানো বা কমে যাওয়ার ঝুঁকি সঠিকভাবে পরিমাপ করা কঠিন। গবেষণায় দেখা গিয়েছে যে ৭০০টির মধ্যে ১টি থেকে ৫,০০০টির মধ্যে ১টি ব্লকের ক্ষেত্রে এটি ঘটতে পারে, যার অর্থ হচ্ছে এটা তেমন একটা দেখা যায় না অথবা বিরল।
- বাহুর নিচের দিকে ব্লক দেয়া হলে স্নায়ুর ক্ষতির ঝুঁকি এবং তার ফলাফল কম হতে পারে।
- বাহুতে একটি ছোট জায়গায় দীর্ঘদিন অসাড়তা বা শিরশিরানি অনুভব করা অত্যন্ত সাধারণ, প্রায় ১০ জনের মধ্যে ১ জন এটা অনুভব করেন। ৯৫ শতাংশ রোগীর ক্ষেত্রে এই উপসর্গগুলি ছয় সপ্তাহের মধ্যে এবং ৯৯ শতাংশ রোগীর ক্ষেত্রে এক বছরের মধ্যে কেটে যায়।
- যে অ্যানেস্থেটিকই ব্যবহার করা হোক না কেন, যে কোনো অপারেশনের পর স্নায়ুর ক্ষতির ঝুঁকি থেকে যায়। এটা অপারেশনের কারণে, আপনি যেভাবে শুয়ে ছিলেন অথবা টর্নিকেট (বাহুর উপরের দিকে বাঁধা একটি টাইট ব্যান্ড যেটি অপারেশনের সময় রক্তপাত বন্ধ করে) ব্যবহারের কারণে হতে পারে। অপারেশনের জায়গায় ফুলে যাওয়া অথবা পূর্বের সমস্যা যেমন ডায়াবেটিসও স্নায়ুর ক্ষতির কারণ হতে পারে।

স্নায়ুর ক্ষতি নিয়ে আরো তথ্য জানতে অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইটে *Nerve damage associated with peripheral nerve block* লিফলেটটি দেখুন:
www.rcoa.ac.uk/patient-information/translations/bengali

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোতভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিৎ। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিৎ নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে (www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরো উন্নত করার জন্য আমরা আপনার পরামর্শ জানতে চাই।

আপনার যদি কোনো মতামত থাকে তাহলে অনুগ্রহ করে আমাদেরকে ইমেইল করুন: patientinformation@rcoa.ac.uk

Royal College of Anaesthetists
Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG
020 7092 1500

www.rcoa.ac.uk

দ্বিতীয় সংস্করণ, ফেব্রুয়ারি ২০২০

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

© 2020 Royal College of Anaesthetists

রোগীদের তথ্য সরবরাহের উপকরণ প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যাবে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করবেন। আপনি যদি এই লিফলেটটির কোনো অংশ অন্য কোনো প্রকাশনায় ব্যবহার করতে চান তাহলে যথাযথভাবে কৃতজ্ঞতাস্বীকার করতে হবে এবং লোগো, ব্র্যান্ডিং এবং চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্য জানতে জন্য অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।